

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং-সিজিডিএফ/প্রশা/০১২-এপেক্স-ক-২০শ/৮৫৬

তারিখঃ ০৪/০৬/১৪২৫ বঃ
১৯/০৯/২০১৮ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ড্রাইভার পদে ব্যবহারিক পরীক্ষায় (Field Test) উত্তীর্ণ প্রার্থীদের ফলাফলসহ মৌখিক পরীক্ষার সময়সূচি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টে ড্রাইভার পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশ শিল্পকলা একাডেমী প্রাঙ্গানে অদ্য ১৯/০৯/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ব্যবহারিক পরীক্ষায় (Field Test) নিম্নবর্ণিত রোল নম্বরধারী মোট ১০(দশ) জন প্রার্থীকে উত্তীর্ণ ঘোষণাপূর্বক তাঁদের মৌখিক পরীক্ষার তারিখ, সময় এবং স্থান নিম্নে উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, প্রকাশিত ফলাফলে কোনো প্রকার সংশোধন প্রয়োজন হলে কর্তৃপক্ষ তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

ক্রঃ নং	মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর	পরীক্ষা কেন্দ্রের নাম এবং ঠিকানা	সময়সূচি
(১)	(২)	(৩)	(৪)
১।	৫০০০১২ ৫০০০৫৩ ৫০০০৭৫ ৫০০০১৬ ৫০০০৫৭ ৫০০১৩৫ ৫০০০২৯ ৫০০০৬১ ৫০০০৫০ ৫০০০৬৫	কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয় ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০।	তারিখ: ২২/০৯/২০১৮ সকাল ১০.০০ ঘটিকা

শর্তাবলীঃ-

- ১। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে যথাসময়ে উপস্থিত থাকতে হবে।
- ২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নতুন করে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। এজন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৩। মৌখিক পরীক্ষার সময় মূল প্রবেশপত্র এবং চাকরির আবেদনপত্রের সাথে যে সকল সনদের ফটোকপি সংযুক্ত করা হয়েছে সেগুলোর মূল কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।
- ৪। পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্র, উত্তরপত্র এবং হাজিরা সীট ইত্যাদির সাথে মিলিয়ে দেখা হবে।
- ৫। কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর ত্রুটি বা ঘাটতি পরিলক্ষিত হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হিসেবে গণ্য হবে।
- ৬। চাকরি প্রাপ্তির ক্ষেত্রে কোনরূপ তদবির কিংবা কোনো প্রকার আর্থিক লেনদেন প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ শহিদুর রহমান চৌধুরী)
জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়

ও

সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।